# আগুনে এ শরীর কেমন মানাবে

মনোজ চাকলাদার

এখন

আমি স্নান করতে পারি

মাথা আঁচড়াতে পারি

জামা পরতে পারি

মাছের কাঁটা বেছে খেতে পারি

একা একা স্কুলে যেতে পারি

স্কুল থেকে বাড়ি এসে খেলতে যেতে পারি

রাতে বই পড়তে পারি দিনেও পারি

মা ছাড়া ঘুমোতে পারি

আমার আর মায়ের দরকার হয় না। অবশ্য মায়েরও আমার আর দরকার হয় না। মা শুধু উপদেশ দেয়। ভাইকে বেশি নজর দেয়। আদর করে আমি আর মাকে ভালবাসতে পারি না।

এখন

আমি ট্রানশ্লেসান করতে পারি

ইতিহাস ভুগোল অংক সব পড়তে পারি

সেলুনে চুল কাটতে যেতে পারি

খেলার মাঠে যেতে পারি

সিনেমা দেখতে যেতে পারি

লোকের সাথে কথা বলতে পারি

বাবা ছাড়া কলকাতার কলেজে যেতে পারি

আমার আর বাবার দরকার হয় না। অবশ্য বাবারও আমায় দরকার হয় না। বাবা শুধু উপদেশ দেয়। ভাইকে বেশি নজর দেয়। ওকে সব শিখিয়ে দেয়। আমি আর বাবাকে ভালবাসতে পারি না।

এখন

আমি শিকলের সাথে একা প্রেম করতে যেতে পারি

শিকলকে নিয়ে ভিক্টোরিয়া যাদুঘর ভবানীপুর কবরখানায়

অনেক গল্প করতে পারি

শিকলকে বোঝাতে পারি আমি ওকে ভালোবাসতে পারি

আমার সাথে থাকলে ভবিষ্যতে ওকে সুখী করতে পারি

ভারতের যৌনবিকৃত জগত থেকে ওকে সরিয়ে নিয়ে চলতে পারি

আমি যোগ্য চাকরি পেলে ওকে বিয়ে করতে পারি

আমার আরো হিন্দোলের দরকার হয় না। অবশ্য হিন্দোলেরও আমার আর দরকার হয় না। হিন্দোলের অভদ্র

ব্যবহার আমার সহ্যের বাইরে। ওর স্বার্থপরতা বন্ধুর প্রতি ভালবাসা আমায় সরিয়ে দিয়েছে। আমি আর হিন্দোলকে ভালবাসতে পারি না।

এখন

আমি সিনেমায় শিকলকে নিয়ে যেতে পারি না

রেঁস্তোরায় শিকলকে নিয়ে যেতে পারি না

ময়দানে একসাথে বসতে পারি না

নির্জন ঘরে শিকলকে বুকের ভেতর জড়িয়ে রাখতে পারি না

ঠোঁটে কবোষ্ণ উত্তাপ নিতে পারি না

শিকলের কথায় আর ভালবাসার স্বর খুঁজতে পারি না

শিকল আমার কাছে অনিত্য হয়ে ওঠে। শিকলকে আমার দরকার হয় না। অবশ্য শিকলেরও আমার দরকার হয় না। শিকলের লোভ চলে গেছে ঝকমকের দিকে। উজ্জ্বল ছুরি দিয়ে ওকে বিঁধছে। ও আমায় ভালবাসতে পারছে না। কথায় কথায় বাঁকা চোরাস্রোত ওর কথায় বসায়। ও ভদ্রভাবে কথা বলতে ভুলে গেছে। আমি আর শিকলকে ভালবাসতে পারি না।

এখন

আমি বংকিমচন্দ্রের উপন্যাস পড়ি

রবীন্দ্রনাথের গল্প উপন্যাস  কবিতা নাটক পড়ি

শরৎচন্দ্রের উপন্যাস পড়ি

চালর্স ডিকেন্সের উপন্যাস পড়ি

টলস্টয়ের উপন্যাস পড়ি

দস্তয়েভস্কির উপন্যাস পড়ি

জয়েসের উপন্যাস পড়ি

জাঁপল সার্ত্রের উপন্যাস পড়ি

স্যামুয়েল বেকেটের উপন্যাস পড়ি

ওদের উপন্যাসগুলো একদিন আগুনে রেখে এলাম। আমি বর্তমানে তরুণ লেখকদের লেখা পড়তে থাকি। ওদের মত মহৎ উপন্যাস কেউ লিখছে না। সবাই যৌনবিকৃত পুরুষদের কাছে যৌন অত্যাচারিত হতে ভালবাসছে। আমি লেখা পড়তে ভালবাসতে পারছি না।

এখন

আমি আয়নায় মুখ দেখি। আমার তাজা চোখ হারিয়ে গেছে। চোখের ভেতর পুরোন চোখ বসে গেছে। তাজা নাক হারিয়ে গেছে। পুরোনো নাক বসে গেছে। তাজা ঠোঁট হারিয়ে গেছে। পুরোনো ঠোঁট বসে গেছে। আমি হাসি। হাসির ভেতর তাজা রক্তটা হারিয়ে গেছে। আমি জামা খুললাম। পাজামা খুললাম। আয়নায় দেখতে থাকি। দেখতে থাকি আগুনে এ শরীর কেমন মানাবে।